# হাসপাতাল থেকে ছাড়া পাচ্ছেন এমন একজন ব্যক্তির যত্ন নেওয়া

হাসপাতাল থেকে ছাড়া পাচ্ছেন এমন একজন ব্যক্তি, যিনি আগে যেভাবে নিজের যত্ন নিতে পেরেছেন এখন আর তা পারবেন না এবং আপনি যদি তার যত্ন নেওয়ার কথা চিন্তা করছেন, তা হলে এই সময়টা আপনার পক্ষে খুবই দুশ্চিন্তাকর হতে পারে।

আপনি হয়ত এতদিন ভাবেননি যে আপনি একজন কেয়ারার (তার মানে হল আপনি তার যত্ন নিচ্ছেন) এবং সেজন্য এখন আপনাকে একটা সম্পূর্ন নুতন পরিস্থিতিকে মেনে নিতে হবে - যেমন বাড়ীতে একজন বৃদ্ধ আত্মীয়কে আনতে হবে যিনি আগে তার নিজের বাড়ীতে একা বাস করেছেন।

অথবা আপনি হয়ত বাড়ীতে কারো যত্ন নিয়েছেন কিন্তু এখন আপনি নিশ্চিত নন যে সেই ব্যক্তির যে বাড়তি যত্নের দরকার তা আপনি দিতে পারবেন কি না।

বর্তমান পরিস্থিতিতে মানিয়ে চলার জন্য এখানে কিছু তথ্য দেওয়া হল যেগুলি হয়ত আপনাকে সাহায্য করতে পারে।

- কে ঠিক করবে যে কখন একজন অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পাবেন
- রুগী যখন হাসপাতাল থেকে ছাড়া পাবেন তখন হাসপাতালের কর্মীদের কি করা উচিত
- কি ভাবে আপনি নিশ্চিত করবেন যে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার দিনের সব ব্যবস্থা সুষ্ঠুভাবে সম্পাদিত হয়
- হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর আপনি এবং আপনি যার যত্ন নিচ্ছেন তিনি কি কি সাহায্য পাবেন
- আপনার যদি মনে হয় যে আপনি রুগীর যত্ন নিতে পারবেন না তাহলে কি করবেন
- কি ভাবে অভিযোগ করা যায়

## কে ঠিক করবে যে কখন একজন অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পাবেন

হাসপাতালের ডাক্তার যিনি রুগীকে দেখাশোনা এবং যত্ন নেন, তিনি ঠিক করেন যে রুগী কখন হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার জন্য তৈরী- হাসপাতালের কর্মীরা হয়ত রুগীকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়ার কথাবার্ত্তা বলতে পারেন। যদি ডাক্তার বলেন যে রুগী হাসপাতাল থেকে বাড়ী যাওয়ার জন্য তৈরী, তার মানে হল যে তিনি সন্তুস্ট যে রুগী হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার মত ভাল হয়েছেন এবং তার যে যত্ন এবং সাহায্যের দরকার তা দেওয়া হবে।

আরও সাহায্যের দরকার? ছাড়া পাওয়ার পরিকল্পনায় কি নির্দেশ দেওয়া হয়েছে তা পাওয়া যাবে স্বাস্থ্য বিভাগের ভাল পরিকল্পনার নির্দ্দেশাবলীতে (good practice guide)। "হসপিটাল ডিসচার্জ ওয়ার্কবুক (Hospital Discharge workbook)" ডিপার্টমেন্ট অফ হেল্থ, পিও বক্স ৭৭৭, লন্ডন এসি১ ৬এক্সএইচ, ফেক্স: ০১৬২৩ ৭২৪৫২৪ ( Department of Health PO Bwx 777 London SE16XH, Fax 01623 724524) এই ঠিকানায় অথবা হেল্থ লিটারেচার টেলিফোন লাইন ০৮০০ ৫৫৫ ৭৭৭ (Health Literature line 0800 555 777) নম্বরে ফোন করে আনাতে পারেন। রুগী হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার জন্য তৈরী কি না, সে সন্মন্ধে উপদেশের জন্য যদি কারো সঙ্গে কথা বলতে চান তাহলে এখানে ক্লিক (click) করুন।

## রুগ্নী যখন হাসপাতাল থেকে ছাড়া পাবেন তখন হাসপাতালের কর্মীদের কি করা উচিত

ডাক্তার যখন ঠিক করেন যে রুগ্নী হাসপাতাল থেকে ছাড়া পেতে পারেন তখন হাসপাতালের কর্মীদের নিম্নলিখিত ব্যক্তিদের জন্য বিশেষ যত্ন নেওয়া উচিত:

- যারা একা থাকেন
- যারা রুগ্ন (frail) এবং বয়স্ক
- যারা বয়স্ক রুগীর যত্ন নেন এবং তাদের সঙ্গে যারা বাস করেন
- যারা কঠিন রোগে অথবা বিকলাঙ্গতায় ভুগছেন
- যারা মানসিক রোগে ভুগছেন
- যাদের বিশেষ যত্নের দরকার আছে (যেমন: তারা প্রশ্রাব এবং পায়খানা সামলাতে পারেন না)
- যাদের অন্যদের সঙ্গে যোগাযোগ করার অসুবিধা (যেমন: যারা স্ট্রোকে পক্ষাঘাতগ্রস্ত)
- যারা চরম রোগে (terminally ill) ভুগছেন

এই বিশেষ যত্ন নেওয়ার মধ্যে আছে রুগীর হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার জন্য ঠিক ঠিক পরিকল্পনা {এটাকে বলা হয় "হাসপাতালের ছাড়া পাওয়ার পরিকল্পনা (hospital discharge plan)}

এই পরিকল্পনায় থাকবে, হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর রুগীর যত্ন যাতে ঠিকমত হয় তার ব্যবস্থা করা এবং কে এই যত্ন প্রদানের দায়িত্ব নেবেন।

## কি ভাবে আপনি নিশ্চিত করবেন যে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার দিনের সব ব্যবস্থা সুষ্ঠুভাবে সম্পাদিত হয়

হাসপাতাল থেকে ছাড়া পাওয়া, রুগী এবং আপনি, যিনি যত্ন নিচ্ছেন এই দুই জনের পক্ষেই খুবই কষ্টকর হতে পারে

হাসপাতালের কর্মীদের বেশ কতকগুলি ব্যবস্থা ঠিক করে করতে হবে যাতে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার দিন যতটা সম্ভব চাপ মুক্ত (stress free) হয়। ছাড়া পাওয়ার দিনের জন্য সবকিছু ঠিকমত করা হয়েছে কি না তা আপনি নীচের লিস্টে পরীক্ষা করুন।

- হাসপাতাল থেকে ছাড়বার আগে রুগীকে ২৪ ঘন্টার নোটিস দেওয়া হয়েছে কি?
- যদি রুগীকে গাড়ী করে বাড়ী আসতে হয় তার ব্যবস্থা করা হয়েছে কি?
- রুগীর জিনিষপত্র এবং মূল্যবান জিনিষগুলি তাকে ফেরৎ দেওয়া হয়েছে কি?
- অত্যাবশ্যক জিনিষগুলি অথবা তার জন্য ট্রেইনিং দেওয়া হয়েছে কি?
- রুগীকে যে হাসপাতাল থেকে ছাড়া হচ্ছে সেটা ফ্যামিলি ডাক্তারকে (GP) জানানো হয়েছে কি?
- ফ্যামিলি ডাক্তার (GP) এসে রুগীকে না দেখা পর্য্যন্ত তার যে ঔষধগুলির দরকার সেগুলি তাকে দেওয়া হয়েছে কি?
- রোগের কোন কোন লক্ষনের উপর নজর রাখতে হবে এবং দরকার হলে কোথা থেকে সাহায্য পাওয়া যাবে সে সম্বন্ধে তথ্য সরবরাহ করা হয়েছে কি?

হাসপাতাল থেকে ছাড়া পওয়ার দিনে সব বন্দোবস্ত যাতে ঠিকমত হয় তার জন্য আপনি, পরিবারের অন্যান্য সদস্যরা অথবা বন্ধুবান্ধবরাও নিম্নলিখিতগুলি করে সাহায্য করতে পারেন:

- রুগীর জন্য যদি বাইরে বেরোবার জামাকাপড়ের দরকার হয় তা সঙ্গে করে আনুন
- হাসপাতাল যদি গাড়ীর ব্যবস্থা না করে থাকে তাহলে তার ব্যবস্থা করুন
- রুগী যদি তার নিজের বাড়ীতে ফিরে যান তাহলে তার বাড়ী ঠিকঠাক আছে কি না তা নিশ্চিত করুন (যেমন: বাড়ী কি পরিস্কার পরিচ্ছন্ন এবং গোছানো আছে?, বাড়ী কি ঠিকমত গরম আছে?, বাড়ীতে কি দুধ এবং খাবার আছে?
- রুগী যদি তার বাড়ীতে একা একা ফেরত যান, তাহলে এটা নিশ্চিত করুন যে একজন কেউ তার সঙ্গে যান এবং সম্ভবত কয়েক ঘণ্টা অথবা দরকার পড়লে কয়েকদিন তার সঙ্গে থাকেন।
- এটা নিশ্চিত করুন যে বাড়ীতে কোন বিপদের আশঙ্কা নেই (যেমন: পাপোশ অথবা ম্যাট (mat) যাতে ক্রাচগুলির পিছলাবার ভয় আছে

## হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর আপনি এবং আপনি যার যত্ন নিচ্ছেন তিনি কি কি সাহায্য পাবেন

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন, তিনি হাসপাতাল থেকে বাড়ী ফিরবার পর তার হয়ত নানা রকমের বিশেষ সাহায্যের দরকার হতে পারে। আপনি হয়ত এটাও চিন্তা করছেন যে অন্যান্য সাহায্য ছাড়া আপনিই বা কি ভাবে সামলাবেন।

এই জন্য এটা জানা জরুরী যে কি কি ধরনের সাহায্য আপনারা পেতে পারেন - মনে রাখবেন যে আপনি অথবা আপনি যে রুগীর যত্ন নিচ্ছন দুজনেরই আইনত এই সাহায্যগুলি পাওয়ার অধিকার আছে।

স্বাস্থ্য বিভাগ অথবা স্থানীয় সোসাল সার্ভিস দফতর এই সাহায্যগুলির প্রদানের ব্যবস্থা করতে পারেন (কিন্তু সবসময় তার জন্য খরচ তারা দেন না। যদি এটা সম্ভব না হয় তা হলে অন্য কোন সংস্থা যেমন চ্যারিটি অথবা স্বয়ংসেবী সংস্থা (self help group) থেকে সাহায্য পেতে পারেন অথবা আপনাকে নিজের টাকা খরচ করে এই সাহায্যের ব্যবস্থা করতে হবে।

সোসাল সিকিউরিটির বেনিফিট পাবার যোগ্যতা থাকলে তার দ্বারা এই বাড়তি যত্ন নেওয়ার জন্য যে খরচ তা যোগানো যেতে পারে। যে ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পাচ্ছেন তার যদি নিজের যত্ন নেওয়ার জন্য সাহায্যের দরকার হয় অথবা তাকে দেখাশোনা করার জন্য সাহায্যের দরকার হয় অথবা তার হাটাচলার অস্বিধা থেকে থাকে তার হয়ত কোন ডিসেবিলিটি বেনিফিট পাবার যোগ্যতা থাকতে পারে। অস্বস্থ ব্যক্তি ডিসেবিলিটি লিভিং এলাউন্স অথবা এটেনডেন্স এলাউন্স পেলে, যিনি যত্ন নিচ্ছেন তিনি ইনভেলিড কেয়ার এলাউন্স বা অন্য লোন বা স্বিধা পাওয়ার যোগ্যতা অর্জন করতে পারেন। হাসপাতালে হয়ত কোন বিশেষ বিভাগ থাকতে পারে যেখানে বিনিফিট সম্বন্ধে আপনাকে আরও উপদেশ দিতে পারে এবং ফর্ম পুরন করতে সাহায্য করতে পারে।

**স্বাস্থ্যমূলক সেবাগুলি**

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার হয়ত কতকগুলি সেবার প্রয়োজন হতে পারে। স্বাস্থ্য বিভাগের (NHS) এই সেবাগুলি প্রদান করা কর্তব্য। এই সেবাগুলির মধ্যে হচ্ছে:

- পুনর্বাসনের কাজ
- উপশমকর যত্ন (palliative care) - তার মানে হচ্ছে যে এই যত্নের দ্বারা রুগীর ভোগান্তি একটু কম হয়
- সাময়িক নিবৃত্তিকর যত্ন (respite care) - তার মানে হচ্ছে যে এই যত্ন প্রদানের দ্বারা যে ব্যক্তি সর্বদা যত্ন নিচ্ছেন তাকে সাময়িক নিবৃত্তি প্রদান করা যায়।
- স্বাস্থ্যের বিশেষ সাহায্য

হাসপাতাল থেকে রুগী বাড়ী যাওয়ার পরেও কোন কোন স্বাস্থ্য বিভাগ কিছু কিছু সেবা প্রদান করে থাকেন (যেমন: ফিজিওথেরাপিস্ট (psysiotherapist) অথবা স্পীচ থেরাপিস্ট (speech therapist) যারা বাড়ীতে এসে রুগীর যত্ন নেন। তবে বেশীরভাগ স্বাস্থ্যের যত্নই স্থানীয় স্বাস্থ্য সেবাবিভাগগুলি থেকে প্রদান করা হয়ে থাকে।

রুগীর প্রয়োজনের উপর নির্ভর করে যে কে সেবা প্রদান করবেন, স্থানীয় সেবা প্রদান করতে পারেন ফ্যামিলি ডাক্তার (জিপি), ডিস্ট্রিক্ট নার্স, হেল্থ ভিজিটর, ফিজিওথেরাপিস্ট, কমিউনিটি সাইকিয়াট্রিক নার্স, স্পীচ থেরাপিস্ট, সংযম (continence) উপদেশদাতা অথবা একজন ম্যাকমিলান বা মারি কুরি নার্স।

**সোসাল সার্ভিসগুলি**

আপনি যে রুগীর যত্ন নিচ্ছেন তার হয়ত স্থানীয় সোসাল সার্ভিস থেকে সাহায্য পাওয়ার যোগ্যতা থাকতে পারে।

যে ধরনের সাহায্য দেওয়া হতে পরে তার মধ্যে আছে :

- বাড়ীতে ব্যবহারিক বা কার্যকরী (practical) সাহায্য (যেমন: পরিষ্কার পরিচ্ছন্ন করা, বাজার করা, স্নান করানো এবং পায়খানা ব্যাবহারে সাহায্য করা।
- বিকলাঙ্গদের জন্য প্রয়োজনীয় সাহায্যকারী জিনিষপত্র
- বাড়ী উপযুক্তকরন (adaptation)
- বাড়ীতে বা অন্য কোথাও খাদ্য সরবরাহ করা
- যে সকল বিশেষ বাড়ী আছে যত্ন নেওয়ার( residential care home) জন্য তার ব্যবস্থা করা
- বসবার বা সঙ্গ দেবার ব্যবস্থা (যেমন - আপনি যার যত্ন নেন , একজন কেউ তাকে কিছুক্ষনের জন্য সঙ্গ দিল)
- কমিউনিটি এলার্ম ( তার মানে হল এই যে বাড়ীতে এলার্মের বোতাম লাগানো যেটা কোন জরুরী ব্যবস্থার (emergency service) সঙ্গে যুক্ত থাকবে

কোন ব্যক্তির যদি সাহায্যের দরকার হয় তাহলে হাসপাতালের একজন কর্মী অথবা সোসাল সার্ভিস বিভাগ থেকে কেউ এসে তাকে দেখে তার প্রয়োজনীয়তার মূল্যায়ন করা উচিত। আপনার যদি মনে হয় যে অসুস্থ বা বিকলাঙ্গ ব্যক্তির প্রয়োজনীয়তার মূল্যায়ন করা উচিত কিন্তু এ ব্যাপারে কেউ আপনার সঙ্গে যোগাযোগ করেনি তাহলে আপনি হাসপাতালের সোসাল ওয়ার্কার অথবা স্থানীয় সোসাল সার্ভিস দফতরের সঙ্গে যোগাযোগ করুন। তাদের টেলিফোন নম্বর, টেলিফোনের বইতে আপনার স্থানীয় কাউন্সিলের নামের তালিকার মধ্যে পাবেন।

যদি মূল্যায়ন করে দেখা যায় যে অসুস্থ বা বিকলাঙ্গ ব্যক্তির সাহায্যের দরকার, স্থানীয় কাউন্সিলের তখন ঠিক করতে হবে যে, যা যা সাহায্যের দরকার তারা সেই সাহায্যগুলি প্রদান করবার ব্যবস্থা করতে পারবে কি না। দুর্ভাগ্যবশত, যদিও অসুস্থ ব্যক্তির সেই সাহায্যগুলির দরকার স্থানীয় কাউন্সিলের যদি সঙ্গতি না থাকে তাহলে তা হয়ত দেওয়া হবে না। তবে এমনও হতে পারে কিছু কিছু সাহায্য হয়ত বিনা মূল্যে দেওয়া হতে পারে এবং অন্য সাহায্যেগুলির জন্য খরচা দিতে হবে।

মনে রাখবেন যে আপনি যে যত্ন নিচ্ছেন (carer) সেই হিসাবে আপনার মূল্যায়ন করার জন্য সোসাল সার্ভিসকে অনুরোধ করতে পারেন। এই যত্ন নেওয়া বা কেয়ারারের মূল্যায়নের আরও খবরের জন্য নীচে দেখুন।

**চ্যারিটিগুলি (charity) অথবা স্বেচ্ছামূলক (voluntary) সংস্থা**

অনের রকম চ্যারিটিগুলি (charity) এবং স্বেচ্ছামূলক সংস্থাগুলি (voluntary organisatios) নানা ধরনের সাহায্য প্রদান করে থাকে। যেমন:

- তথ্য এবং উপদেশ

- অর্থ ধার অথবা গ্রান্ট
- বেড়াতে (holiday) যাওয়ার পরিকল্পনা
- কাউন্সেলিং (counselling) এবং বন্ধুত্বপূর্ণ আচরণ (befriending)
- যানবাহন

আপনি হয়ত এটাও পাবেন যে কিছু কিছু সংস্থার রুগীর বা বিকলাঙ্গ ব্যক্তির হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর তাদের সাহায্য করা বা দেখাশোনা করার পরিকল্পনা আছে - এই পরিকল্পনাগুলির মধ্যে আছে পুনর্বাসন এবং চিকিৎসা।

**স্বয়ংসেবী দলগুলি (self-helf groups)**

আপনি যে এলাকায় বাস করেন সে এলাকায় সম্ভবত একটি স্বয়ংসেবী (self-help) সাহায্যকারী দল আছে, আপনি এবং আপনি যার যত্ন নিচ্ছেন আপনারা দুজনেই হয়ত সেই দলে যোগদান করতে পারবেন। আপনার, সেখানে অন্যান্য ব্যক্তি যারা আপনার মত অবস্থায় আছেন তাদের সঙ্গে যোগাযোগ হবে। আপনি সেখানে আপনার সমস্যা সম্বন্ধে নানারকমের তথ্য এবং উপদেশ পাবেন এবং এটা সম্ভব যে আপনি সোজাসুজি সাহায্যও পেতে পারেন।

**প্রাইভেট সাহায্য**

কোন ব্যক্তির যত্ন নেওয়া বা কারো কাছ থেকে যত্ন নেওয়া বেশ খরচ সাপেক্ষ। এর জন্য এটা উল্লেখযোগ্য যে আপনার প্রাইভেট সাহায্য নেওয়ার আগে (যার জন্য আপনাকে টাকা দিতে হবে), যে সকল সাহায্য আপনি বিনা পয়সায় অথবা কম পয়সায় পাবেন সেগুলির পাওয়ার ব্যবস্থা করা উচিৎ।

প্রাইভেট বা টাকা দিয়ে সাহায্য নেওয়ার জন্য আপনি বিজ্ঞাপন দিতে পারেন অথবা এই ব্যপারে বিশেষজ্ঞ এমন কোন এজেন্সিকে (agency) ব্যবহার করতে পারেন। ইয়েলো পেইজ টেলিফোন বইয়ে আপনার স্থানীয় এজেন্সিগুলি নাম তালিকাবদ্ধ করা আছে। দয়া করে মনে রাখবেন যে কোন ব্যক্তিকে কাজে নিযুক্ত করার আগে তিনি আগে যে সকল লোকের জন্য কাজ করেছেন তাদের স ঙ্গে যোগাযোগ করে,তাদের কাছ থেকে সেই ব্যক্তি কাজ ঠিকমত করতে পারবেন কি না সে সম্বন্ধেখোজখবর নেবেন।

## আপনি যদি মনে করেন যে আপনি কারো যত্ন নিতে (carer) পারবেন না তাহলে কি করা

আপনি যে কারো যত্ন নিতে (carer) পারবেন না অথবা কেউ হাসপাতাল থেকে ফিরে আসার পর আর আগের মত যত্ন নেওয়া চালাতে পারবেন না এটা মেনে নেওয়া বা ঠিক করা খুব কঠিন হতে পারে।

আপনার হয়ত মনে হবে যে আপনি তাকে হতাশ করবেন এবং আপনার নিজের কাছে এটা খুব খারাপ মনে হবে। অসুস্থ বা বিকলাঙ্গ ব্যক্তির যত্ন নেওয়া সবসময় সহজ অথবা সন্তুষ্টজনক নয় এবং যত্ন নেওয়া কাউকে শারীরিক, মানসিক এবং আর্থিক দিক দিয়ে কাহিল করে ফেলতে পারে।

আপনি যদি দীর্ঘদিন ধরে কোন ব্যক্তির যত্ন নিচ্ছেন এবং এখন আপনার মনে হচ্ছে যে আপনি আর সামলাতে পারছেন না, কিন্তু আপনার নিজের মনে এটা মেনে নেওয়া কঠিন হতে পারে। আপনার হয়ত মনে হচ্ছে যে এখন অসুস্থ ব্যক্তির যত্ন নেওয়ার বাড়ীতে (residential home) অথবা নার্সিং হোমে পাঠানোর কথা চিন্তা করার সময় এসেছে, কিন্তু আপনি নিশ্চিন্ত নন যে আপনি ঠিক কাজ করছেন।

এটা মনে রাখা উল্লেখযোগ্য যে যদিও আপনি অসুস্থ ব্যক্তির যত্ন নিজের বাড়ীতে নিচ্ছেন না, তার মানে এই নয় যে আপনি তার যত্ন নেওয়া বন্ধ করে দিয়েছেন - এটার মানে হল এই যে তার যত্ন অন্যভাবে নেওয়া হচ্ছে। এবং আপনি এটাও দেখবেন যে দিনের শেষে পরিশ্রান্ত হয়ে পড়ার বদলে আপনি তার সঙ্গে অনেক ভালভাবে সময় কাটাতে পারছেন।

**একজন অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে বাড়ী আসছেন কিন্তু আপনি তার যত্ন নিতে পারবেন না**

আপনি যে ব্যক্তির যত্ন করছেন তিনি যখন হাসপাতালে আছেন তখন অপনাকে হয়ত খুব তাড়াতাড়ি এই জরুরী সিদ্ধান্ত নিতে হবে। কিন্তু এটা নিশ্চিত করবেন যে হাসপাতালের কর্মীরা যেন এ ব্যাপারে আপনার উপর চাপ না দেয়। কতটা যত্ন আপনি দিতে পারবেন তারা হয়ত সে বিষয়ে একটা অবাস্তব আন্দাজ করে নিতে পারে। আপনার যদি সিদ্ধান্ত নিতে আরও বেশী সময় লাগে তাহলে হাসপাতালের কর্মীকে সেটা বুঝিয়ে বলুন। বেশী দায়িত্ব নেওয়ার থেকে (যেটা নিয়ে আপনি সামলাতে পারবেন না) বাস্তবকে মেনে নেওয়া ভালো।

আপনি যত্ন নিতে পারবেন না বলার পরেও যদি হাসপাতালের কর্মীরা এটা ধরে নিতে থাকে যে অসুস্থ ব্যক্তির যতটা যত্নের দরকার তা আপনি দিতে পারবেন তাহলে তাদের বিরুদ্ধে নালিশ করতে পারেন অথবা যত্ন দেওয়া প্রত্যাখ্যান করতে পারেন।

## কি ভাবে অভিযোগ করবেন

অভিযোগ করা সব সময় সহজ নয়। তবে আপনার জন্য এবং আপনি যার যত্ন নিচ্ছেন তার জন্যে এটাই হয়ত সবচাইতে ভাল পথ:

**অসুস্থ ব্যক্তির হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার যে পরিকল্পনা হাসপাতালের কর্মীরা করেছে তার সম্বন্ধে যদি আপনি সন্তুষ্ট না হন:**

- অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পেয়ে বাড়ী আসছেন কিন্তু আপনি মনে করেন না যে তিনি হাসপাতাল থেকে ছাড়া পাবার জন্য তৈরী অথবা আপনি তাকে দেখাশোনা করতে পারবেন। তাহলে আপনি কি করবেন।
- আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন, তাকে যত্ন নেওয়ার বাড়ীতে (residential home) অথবা নার্সিং হোমে পাঠানোর জন্য হাসপাতাল যে সিদ্ধান্ত নিয়েছে। আপনি যদি সে সিদ্ধান্তে সন্তুষ্ট না হন তাহলে কি করবেন।
- অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পেয়ে বাড়ী আসছেন তার যত্নের জন্য হাসপাতাল যে পরিকল্পনা করেছে, সেই পরিকল্পনার যে কোন বিষয়ে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে কি করবেন।

**হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর অসুস্থ ব্যক্তির যে ধরনের যত্ন নেওয়া হচ্ছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন**

- অসুস্থ ব্যক্তির হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর স্বাস্থ্য বিভাগ তাকেযে ধরনের সাহায্য প্রদান করছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনি কি করতে পারেন।
- অসুস্থ ব্যক্তির হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর সোসাল সার্ভিস তাকেযে ধরনের সাহায্য প্রদান করছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনি কি করতে পারেন।

**অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পেয়ে বাড়ী আসছেন কিন্তু আপনি মনে করেন না যে তিনি হাসপাতাল থেকে ছাড়া পাবার জন্য তৈরী অথবা আপনি তাকে দেখাশোনা করতে পারবেন। তাহলে আপনি কি করবেন।**

হাসপাতালে যে নার্সের উপর রুগীর দেখাশোনা করার দায়িত্ব প্রথমে তার সঙ্গে কথা বলুন। এতে যদি কোন কাজ না হয় তাহলে হাসপাতালের জেনারেল ম্যানেজার অথবা চীফ এক্সিকিউটিভের কাছে চিঠি লিখে, আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তাকে হাসপাতাল থেকে ছেড়ে দেবার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেই সিদ্ধান্তের পুনর্বিবেচনা করতে বলুন।

আপনি অসুস্থ ব্যক্তিকে যিনি হাসপাতাল থেকে ছাড়া পাচ্ছেন তাকে যত্ন দেওয়া প্রত্যাখ্যান করতে পারেন এবং এই ভাবে সাহায্যকারী বিভাগগুলিকে চাপ দিতে পারেন যাতে তারা অসুস্থ ব্যক্তির যত্ন নিতে বাধ্য হয়। অথবা যতক্ষন আপনার মতে অসুস্থ ব্যক্তির যে সাহায্যের দরকার তার ব্যবস্থা না হয় ততক্ষন তাকে হাসপাতালে রাখতে বলতে পারেন।

**আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন, তাকে যত্ন নেওয়ার বাড়ীতে (residential home) অথবা নার্সিং হোমে পাঠানোর জন্য হাসপাতাল সিদ্ধান্ত নিয়েছে। আপনি যদি সে সিদ্ধান্তে সন্তুষ্ট না হন তাহলে কি করবেন।**

অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পাবার সিদ্ধান্তকে প্রত্যাখ্যান করতে পারেন কিন্তু তার অনির্দ্দিষ্ট কালের জন্য হাসপাতালে থাকার অধিকার নেই। এ ধরনের পরিস্থিতির সৃষ্টি হলে তাদের হাসপাতালের বদলে বাড়ীতে যত্ন প্রদানের ব্যবস্থা করতে হবে। যে যত্ন রুগীকে প্রদান করা হচ্ছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনি রুগীর স্থানীয় সাস্থ্য বিভাগকে তাদের রুগীকে হাসপাতালে যত্ন না নেওয়ার সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করতে অনুরোধ করুন। স্বাস্থ্য বিভাগকে যদি তাদের সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করতে অনুরোধ করা হয় তাহলে তাদের ব্যাখ্যা (explanation) দুই সপ্তাহের মধ্যে রুগীকে জানানো উচিৎ। আপনি যদি তাদের এই সিদ্ধান্তে সন্তুষ্ট না হন তাহলে স্বাস্থ্য বিভাগের ওমবুডসম্যানের সঙ্গে যোগাযোগ করুন।

**অসুস্থ ব্যক্তি হাসপাতাল থেকে ছাড়া পেয়ে বাড়ী আসছেন তার যত্নের জন্য হাসপাতাল যে পরিকল্পনা করেছে, সেই পরিকল্পনার যে কোন বিষয়ে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে কি করবেন।**

হাসপাতালে যে নার্সের উপর রুগীর দেখাশোনা করার দায়িত্ব প্রথমে তার সঙ্গে কথা বলুন। তার উত্তরে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে কন্সালটেন্টের সঙ্গে দেখা করার জন্য একটা এপয়েন্টমেন্ট করুন। তাতেও যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে ফোন করে হাসপাতালের জেনারেল ম্যানেজার অথবা চীফ এক্সিকিউটিভের সঙ্গে দেখা করার জন্য একটা জরুরী এপয়েন্টমেন্টের ব্যবস্থা করুন. এর পরেও যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনি তাদের বিরুদ্ধে একটা আনুষ্ঠানিক (formal) নালিশ করুন। হাসপাতালের উত্তরে যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে আপনি স্থানীয় স্বাস্থ্য বিভাগের ওমবুডসম্যানের সঙ্গে যোগাযোগ করুন।

**অসুস্থ ব্যক্তির হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর স্বাস্থ্য বিভাগ তাকেযে ধরনের সাহায্য প্রদান করছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনি কি করতে পারেন।**

**প্রথমে** স্বাস্থ্য বিভাগের কর্মীদের সঙ্গে কথা বলুন, কিন্তু তাতে যদি আপনি সন্তুষ্ট না হন তা হলে আপনি আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ বা কমিউনিটি হেল্থ কাউন্সিলে নালিশ করতে পারেন। স্কটল্যান্ডে স্থানীয় হেল্থ কাউন্সিলে নালিশ করতে হবে।

**অসুস্থ ব্যক্তির হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর সোসাল সার্ভিস তাকেযে ধরনের সাহায্য প্রদান করছে তাতে যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনি কি করতে পারেন।**

সোসাল সার্ভিস বিভাগে ফোন করে যিনি নালিশ সংক্রান্ত ব্যাপারগুলি নিয়ে দেখাশোনা করেন তার সঙ্গে কথা বলুন। এতে যদি কোন কাজ না হয় তাহলে সোসাল সার্ভিসের ডাইরেক্টরের কাছে চিঠি লিখুন অথবা স্থানীয় কাউন্সিলারের সঙ্গে যোগাযোগ করুন।